সংবাদ

তারিখ 08 JAN 2006
পৃষ্ঠা ৫ কলাম ১

# নতুন শিক্ষা বর্ষের শুরুতে মাধ্যমিক স্তরের বই নিয়ে অনিশ্চয়তা

যশোর অফিস

শুরু হয়েছে নতুন শিক্ষাবর্ষ কিন্তু বাজারে আসেনি মাধ্যমিকের নতুন বই। প্রাথমিক স্তরের বই চাহিদা মাফিক বিদ্যালয়ে পৌছালেও মাধ্যমিক স্তর নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। নতুন বই বাজারে আসতে আরও দু'এক দিন সময় লাগবে বলে জানিয়েছেন স্থানীয় বিক্রেতারা।

৪ জানুয়ারি থেকে শুরু হয়েছে জাতীয় শিক্ষাবর্ষ। এ দিন সারাদেশে একযোগে শিক্ষার্থীদের হাতে বই পৌছাবে বলে সরকার ঘোষণা দেয়। বিনামূল্যে বিতরণযোগ্য প্রাথমিক স্তরের বই চাহিদার আগে যশোরে এসে পৌঁছেছে। এরই মধ্যে এ বই সরবরাহ হয়েছে বিদ্যালয়গুলো। তবে মাধ্যমিক স্তরের বইয়ের ক্ষেত্রে গেছে অনিশ্চয়তা।

বুধবার থেকে যশোরের বাজারে মাধ্য স্তরের বইয়ের মধ্যে একটি বেসর প্রকাশনা সংস্থার কয়েকটি বই পা যাচ্ছে। নতুন করে ভিন্ন রঙের কাগজে ন্যাশনাল কারিকুলাম টেক্সট বুক বো (এনসিটিবি) বই দু'এক দিনের মধ্যে পৌছাবে বলে আশা করছে স্থা বিক্রেতারা। তবে প্রথম পর্যায়ে বাংলা ও ইংরেজি বই আসবে। তাও চাহিদার অনেক কম। সব বই বাজারে পেতে মাস পর্যন্ত অপেক্ষা করতে হতে